

REPORT OF THE DIRECTORS

Dear Shareholders,

The Directors are pleased to submit to you the Annual Report together with the Auditors' Report and Audited Financial Statements of the Company for the year ended 30th June, 2015.

The Directors' Report is prepared in compliance with Section 184 of the Companies Act 1994 and Bangladesh Securities and Exchange Commission's (BSEC) notification no- SEC/CMRRCD/2006-158/134/Admin/44 dated 07th August 2012.

(i) Industry outlook and possible future developments in the industry:

A few key countries, like China, are at the epicentre of contributing to global fish supply. Yet other regions, like Southeast and South Asia, also have a major role to play. One of the key factors of China's success in maintaining a highly productive aquaculture sector is that it has maintained a national extension system for aquaculture that has continued widespread outreach to producers through well-trained and qualified staff. More than 80 percent of global aquaculture production is produced by small- to medium-scale enterprises that are heavily concentrated in Asia.

As consumer demand for fine cuisine and international flavours has grown, so have the opportunities for food export. Frozen foods are the second largest source of foreign exchange earnings. The shrimp industries have been contributing on average approximately 4.43 per cent of the GDP, it could go up to 10 per cent and has generated about 12 million direct and indirect employments. Out of total frozen food export, shrimp alone contributes approximately 90 per cent.

During July-March period of 2014-15 fiscal year, the earning from export of frozen foods is US\$495.84 million against the target of US\$731.08 million. This is mainly due to average fall of price of 30 to 40% in the international market and so far there is no improvement of the situation. As a result the turnover decreased significantly compared to that of last year.

Bangladesh is yet to reach yield levels per hectare as Thailand, India etc. To develop the industry requires more widespread compliance and training requirements - a traceability system addressing needs & capacities of small-scale producers needed to compete in higher-value markets. What we need now is to build up proper facilities to facilitate the export growth – cold chain facilities, development of supporting facilities, space to increase and diversify exports, etc.

(ii) Segment-wise or product-wise performance:

As Apex Foods Limited produces only shrimp there is no scope for Product wise performance reporting. However, country wise export details are given in note 19 of the Annual Report.

(iii) Risks and concerns:

Once the single largest market for Bangladesh, US accounts for only 8 percent of the total frozen fish exports, which was about 30 percent even five years ago. Prices of Bangladeshi shrimps known as "Black Tiger" is higher than that of Vietnam and India's vannamei species.

The sector has drawn wide criticism from international media often being accused of allowing exploitative and abusive practices, and thus pushing those working in the industry further into poverty.

Fair wages and labour rights in the industry are in general key areas of concerns and have been under constant scrutiny from buyers in the EU and the US. There is evidence that inequality in this sector is widening, with women not obtaining permanent employee status and lower wage compared to male workers.

(iv) Analysis of Cost of Goods sold, Gross Profit Margin and Net Profit Margin:

(a) Cost of Goods Sold:

This year's cost of goods sold was BDT 2,532 million as compared to last year's cost of goods sold of BDT 3,547 million. This is due to decrease in gross turnover along with a decrease in average production cost of Tk.55/- per Kg. During the year 2,993,979 Kg of shrimps were produced as against last year's production of 3,725,070 Kg. Production capacity utilized during the year was 41.58%. Raw Material Purchase cost has decreased to the tune of Tk. 809.14 million against last year.

(b) Gross Profit:

The company has achieved an export turnover of Tk. 2,751.78 million during the year ended 30th June 2015. Last year's turnover was Tk. 3,844.68 million. The decrease in turnover is 28.43% over the last year. Gross profit earned during the year was Tk. 219.63 million as against last year's gross profit of Tk. 297.88 million.

(c) Net Profit:

Net profit (after tax) earned during the year was Tk. 84.84 million as compared to last year's Net Profit (after tax) of Tk. 17.04 million. During the year net profit after tax has increased due to increase in Other Income, mainly profit on sale of immovable properties.

(v) Extra-Ordinary gain or loss:

During the year there was no realized extra-ordinary gain or loss made by the company. An amount of Tk. 13.00 million has been shown as Fair Value Deficit of Investment in the Statement of Comprehensive Income which represents the difference between the closing price of investment in the Shares of Apex Spinning & Knitting Mills Limited and Apex Weaving & Finishing Mills Limited and the price shown in the last Statement of Financial Position. This accounting effect was given in order to comply with the latest requirement of Bangladesh Accounting Standards (BAS) / Bangladesh Financial Reporting Standards (BFRS). Details are given in Note 11 of the Annual Report.

(vi) Related party transactions:

There is a transaction of sale of immovable properties (Land) measuring an area of 1,022 decimals @ 151,000/- (Net) per decimal to Apex Fashion Wear Limited made in May, 2015. There are common Directors in Apex Fashion Wear Limited.

(vii) Utilization of proceeds from public issues and/ or rights issues:

There was no right issue offered during the year.

(viii) Financial results after the company goes for Initial Public Offering (IPO), Repeat Public Offering (RPO), Rights Offer, Direct Listing, etc.:

Initial Public Offering was made on June 22, 1981 and subsequently Right Offer was made on January 11, 1997. Since then the company is performing well.

(ix) Variance between Quarterly Financial performance and Annual Financial Statements:

There was significant variance between quarterly performance (i.e. up to 3rd quarter, EPS was Tk. 0.27 & annually it has reached Tk. 14.88) and annual financial statements. This is due to a substantial amount of profit from sale of immovable properties (Land).

(x) **Remuneration to directors including independent directors:**

The remunerations of Directors including Independent Director are as follows:

Name of the Directors	Director / Independent Director	Yearly Remuneration
Mr. Zafar Ahmed	Director	4,800,000
Mr. Ashim Kumar Barua	Director	3,600,000
Mr. Kazi Faruq Kader	Independent Director	600,000

(xi) The financial statements prepared by the management of the issuer company present fairly its state of affairs, the result of its operations, cash flows and changes in equity.

(xii) Proper books of account of the issuer company have been maintained.

(xiii) Appropriate accounting policies have been consistently applied in preparation of the financial statements and that the accounting estimates are based on reasonable and prudent judgment.

(xiv) International Accounting Standards (IAS)/Bangladesh Accounting Standards (BAS)/ International Financial Reporting Standards (IFRS)/Bangladesh Financial Reporting Standards (BFRS), as applicable in Bangladesh, have been followed in preparation of the financial statements and any departure there-from has been adequately disclosed.

(xv) The system of internal control is sound in design and has been effectively implemented and monitored.

(xvi) There are no significant doubts upon the issuer company's ability to continue as a going concern.

(xvii) **Deviation from the last year's operating results:**

During the year turnover has decreased by 28.43% as compared to last year but due to increase in operational efficiency we have been able to maintain the same level of Gross Profit Ratio. In spite of same level of Gross Profit Ratio, the Company sustained operational loss due to decrease of sales.

(xviii) **Key operating and financial data of at least preceding 5 (five) years:**

	"Figure in thousand Taka"					
Particulars	2014-15	2013-14	2012-13	2011-12	2010-11	2009-10
Operational Data:						
Turnover	2,751,780	3,844,681	3,305,717	3,933,346	3,207,315	2,205,550
Gross Profit	219,627	297,878	357,375	303,517	264,936	217,573
Operating Profit/(Loss)	(53,525)	31,319	20,664	18,735	9,060	1,163
Net Profit before Tax	123,814	66,858	62,367	46,704	34,188	19,257
Net Profit/(Loss) after Tax	84,843	17,041	14,494	15,434	10,795	8,559
EPS with fair valuation surplus/(deficit)	12.60	9.55	(4.11)	27.95	-	-
EPS without fair valuation surplus/(deficit)	14.88	2.99	2.54	2.71	18.93	15.01
Dividend Per Share	2.00	2.00	1.80	1.80	14.00	12.00
Financial Data:						
Total Assets	1,779,947	1,693,029	1,758,653	1,571,415	1,485,155	1,136,281
Property, Plant and Equipment-Gross	678,306	659,967	603,465	559,384	533,001	458,659
Property, Plant and Equipment-Net	155,017	171,963	154,421	147,409	156,324	119,579
Gross Working Capital	1,449,240	1,320,330	1,408,553	1,222,369	1,268,177	959,332
Net Working Capital	344,476	279,368	280,260	344,895	337,975	390,037
Working Capital Loan	794,270	733,884	778,328	766,024	772,727	509,714
Share Capital	57,024	57,024	57,024	57,024	57,024	57,024
Share Premium	209,088	209,088	209,088	209,088	209,088	209,088
Reserve and Surplus	225,931	152,494	145,717	141,392	139,079	135,127
Share Holders Equity	622,483	562,052	517,859	551,441	405,191	401,239
Term Loan	82,500	120,000	178,317	156,687	164,886	191,211

(xix) Dividend:

Board of Directors has recommended Cash Dividend of Tk. 2.00 per Share of Tk. 10.00 each for the year 2014-15. Upon your approval in this General Meeting, the dividend will be paid to the Shareholders whose names appear in the Share Registers of the Company or in the Depository as on 13th September 2015 at the close of office.

(xx) Board meetings:

During the year 7 (Seven) Board Meetings were held. The attendance record of the Directors is as follows:

Name of Directors	Meeting attended
Mr. Zafar Ahmed	07
Mr. Zahur Ahmed PhD	07
Mrs. Shawkat Ara Ahmed	01
Mr. Shahriar Ahmed	06
Mr. Ashim Kumar Barua	07
Mr. Kazi Faruq Kader	07

- Mrs. Shawkat Ara Ahmed resigned from the Board on 22nd September 2014.

(xxi) The pattern of shareholding:

Name wise details	No. of Shares
a) Parent/subsidiary/Associated companies and other related parties	
Apex Spinning & Knitting Mills Limited	169,250
Apex Lingerie Limited	10,800
b) Directors, Chief Executive Officer, Company Secretary, Chief Financial Officer, Head of Internal Audit:	
Mr. Zafar Ahmed – Director	1,320,530
Mr. Zahur Ahmed PhD – Director	160,740
Mr. Shahriar Ahmed – Director	563,430
Mr. Ashim Kumar Barua – Director	7,500
Mr. Kazi Faruq Kader – Independent Director	NIL
Mr. S.K. Halder – Chief Financial Officer	NIL
Mr. Ashish Kumar Paul FCA – Head of Internal Audit	NIL
Ms. Jesmin Sultana – Assistant Company Secretary	NIL
c) Senior Corporate Executives:	
Mr. Mominuddin Ahmed khan-Executive Director	2,450
d) Shareholders holding ten percent (10%) or more voting interest in the Company	
Mr. Zafar Ahmed	1,320,530
Mrs. Shawkat Ara Ahmed	823,000

(xxii) Appointment/re-appointment of directors the company:

- (i) I, Zafar Ahmed and Mr. Kazi Faruq Kader are retiring from the Board in terms of the Articles of Association of the Company and being eligible, offer ourselves for re-election. The detailed work profiles of me and Mr. Kazi Faruq Kader are given below:

Mr. Zafar Ahmed

- a. I am a Post Graduate from Dhaka University in Economics. I obtained training in Food & Drug Administration from USA. I am one of the Sponsor Directors of the Company and is working in this sector since 1979. I am now acting as the Chairman of the Company.
- b. Since my joining in this sector, I have gathered vast knowledge in this sector and is one of the experts in Frozen Foods sector of Bangladesh.
- c. I am also holding the Directorship of (i) Apex Spinning & Knitting Mills Limited, (ii) Apex Lingerie Limited, (iii) Apex Yarn Dyeing Limited, (iv) Apex Textile Printing Mills Limited (v) Apex Fashion Wear Limited and (vi) Matex Bangladesh Limited.
- d. I am not a member of any committee of the board.

Mr. Kazi Faruq Kader

- a. Mr. Kader is a Graduate from Dhaka University. He was a Member of Parliament from 1988 to 1989 and Member of the Standing Committee for Commerce during that tenure. He was also the Member of Parliament from 2009 to 2013. He was also appointed as Director and Chairman of Sonali Bank as well as Sadharan Bima Corporation.
- b. Mr. Kader is the Independent Director of the Company and has sound knowledge in this sector.
- c. Mr. Kader is also holding the Independent Directorship of Apex Spinning & Knitting Mills Limited.
- d. Presently, Mr. Kader is the Chairman of the Audit Committee.

(xxiii) Auditors:

The retiring Auditors M/s. Hussain Farhad & Co., Chartered Accountants, being eligible, offer themselves for re-appointment as Auditors of the Company for the year 2015-16.

(xxiv) Corporate Governance Compliance Report:

In accordance with the requirement of the Bangladesh Securities and Exchange Commission, "Corporate Governance Report" is annexed.

Dhaka
23rd August 2015

On behalf of the Board

Sd/-
Zafar Ahmed
Chairman

পরিচালকগণের প্রতিবেদন

প্রিয় শেয়ারহোল্ডারগণ,

আপনাদের কোম্পানীর পরিচালকগণ ২০১৫ সালের ৩০শে জুন তারিখে সমাপ্ত হিসাব বৎসরের বার্ষিক প্রতিবেদন এর সাথে নিরীক্ষকের প্রতিবেদন ও নিরীক্ষিত আর্থিক বিবরণী আপনাদের সম্মুখে উপস্থাপন করতে পেরে আনন্দিত।

পরিচালনা পর্ষদের প্রতিবেদন প্রনয়নের ক্ষেত্রে কোম্পানী আইন ১৯৯৪ এর ১৮৪ ধারা ও বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) নোটিফিকেশন নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এডমিন/৪৪ তারিখ- আগস্ট ৭, ২০১২ অনুসরণ করা হয়েছে।

১. শিল্প সম্পর্কিত ধারণা এবং এই শিল্পের ভবিষ্যত উন্নয়নের সম্ভাবনাঃ

কিছু প্রধান দেশ যেমন চায়না বিশ্বে মাছ সরবরাহে বিশেষ অবদান রেখেছে। এমন কি অন্যান্য অঞ্চল যেমন, দক্ষিণপূর্ব এবং দক্ষিণ এশিয়ার দেশ গুলোও সরবরাহে বিশেষ অবদান রাখছে। এর মূল কারণ হল চায়না অত্যন্ত উৎপাদনশীল মৎস্য ক্ষেত্র রক্ষনাবেক্ষন করতে সাফল্য অর্জন করেছে এর কারণ এই যে চায়না জাতীয় ভাবে মৎস্য ক্ষেত্র রক্ষনাবেক্ষনে সুশিক্ষিত ও দক্ষ কর্মী দ্বারা উৎপাদনকারীদের মধ্যে ব্যাপক প্রচার প্রচারনা অব্যাহত রেখেছে। বিশ্বের ৮০ শতাংশেরও বেশী মৎস্য উৎপাদন হয় ছোট থেকে মাঝারি উদ্যোক্তাদের দ্বারা যার বেশীর ভাগই এশিয়া মহাদেশে।

ভোক্তার চাহিদা বৃদ্ধির ফলে উন্নত রন্ধনপ্রণালী ও আন্তর্জাতিক স্বাদে খাদ্য রপ্তানীর সুযোগ হবে। বৈদেশিক মুদ্রা আয়ে হিমায়িত খাদ্য দ্বিতীয় বৃহত্তম উৎস। চিংড়ি শিল্প জিডিপিতে গড়ে আনুমানিক ৪.৪৩ শতাংশ অবদান রেখেছে, ইহা ১০ শতাংশ পর্যন্ত যেতে পারে এবং প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে ১২ মিলিয়ন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। মোট হিমায়িত খাদ্য রপ্তানীর আনুমানিক ৯০ শতাংশই চিংড়ি রপ্তানীর অবদান।

২০১৪-২০১৫ অর্থ বৎসরে জুলাই-মার্চ পর্যন্ত সময়ে হিমায়িত খাদ্য রপ্তানীতে আয় হয়েছে ৪৯৫.৮৪ মিলিয়ন মার্কিন ডলার যা লক্ষ্যমাত্রা ছিল ৭৩১.০৮ মিলিয়ন মার্কিন ডলার। এর মূল কারণ এই যে আন্তর্জাতিক বাজার মূল্য গড়ে ৩০ হইতে ৪০ শতাংশ হ্রাস পেয়েছে এবং এখন পর্যন্ত এই অবস্থার কোন উন্নতি হয়নি। যার ফলে রপ্তানী গতবছরের তুলনায় উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে।

বাংলাদেশ এখনও থাইল্যান্ড, ইন্ডিয়া এবং অন্যান্যদের মত হেক্টর প্রতি উৎপাদন মাত্রায় পৌছায়নি। এই শিল্প উন্নয়নের জন্য আরো ব্যাপক অনুবর্তিতা এবং প্রশিক্ষণ প্রয়োজন, উচ্চ মূল্যের বাজার প্রতিযোগিতা করার জন্য ছোট উদ্যোক্তাদের স্তর অনুসারে দক্ষতা বৃদ্ধি প্রয়োজন। এখন আমাদের রপ্তানী বৃদ্ধির জন্য প্রয়োজন যথোপযুক্ত সুযোগ সুবিধা যেমন, কোল্ড চেইন সুযোগ সুবিধা, সহযোগী সুবিধার উন্নয়ন, স্থান বৃদ্ধি, বহুমুখি রপ্তানী বৃদ্ধি।

২. খাতওয়ারি অথবা পন্য ভিত্তিক ফলাফলঃ

যেহেতু এপেক্স ফুডস্ লিমিটেড শুধু চিংড়ি প্রক্রিয়াকরন ও রপ্তানী করে সেহেতু এখানে পণ্য ভিত্তিক ফলাফলের বিবরণ দেওয়ার কোন সুযোগ নেই। যাহোক বার্ষিক প্রতিবেদনের ১৯ নং নোটে আমাদের প্রতিষ্ঠানটি কোন দেশে কত রপ্তানী করেছে তার বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে।

৩. ঝুঁকি ও উদ্ভিগ্নতা সমূহঃ

এক সময় বাংলাদেশের জন্য বড় বাজার ছিল যুক্তরাষ্ট্র, বর্তমানে মাত্র ৮ শতাংশ হিমায়িত মাছ রপ্তানী হয় যা এমনকি পাঁচ বছর পূর্বেও ছিল প্রায় ৩০ শতাংশ। বাংলাদেশের চিংড়ি যেটা ব্লাক টাইগার নামে পরিচিত সেটা ইন্ডিয়া ও ভিয়েতনামের ভেনামি চিংড়ির চেয়ে দামি।

শোষণমূলক এবং অবমাননাকর এই শিল্প সম্পর্কে দোষারোপ করে আন্তর্জাতিক গনমাধ্যম ব্যাপক ভাবে সমালোচনা করছে এবং এর ফলে এই শিল্পে যারা কাজ করে তাদেরকে দারিদ্রের দিকে নিয়ে যাচ্ছে।

ন্যায্য মজুরী ও শ্রম অধিকার এই শিল্পের মূল উদ্বেগের বিষয় এবং এগুলো ইউএস ও ইইউ ক্রেতার প্রতিনিয়ত গভীর পর্যবেক্ষন করছে। এই খাতে প্রমান আছে যে, বৈষম্য ব্যাপক ভাবে প্রসারিত যেমন মহিলারা স্থায়ীকর্মচারীর মর্যাদা পায়না এবং পুরুষের তুলনায় কম মজুরী পায়।

৪. বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষণ, মোট প্রান্তিক মুনাফা এবং নীট প্রান্তিক মুনাফাঃ

ক) বিক্রিত পণ্যের ব্যয় :

এই বৎসর বিক্রিত পণ্যের ব্যয় ছিল ২,৫৩২ মিলিয়ন টাকা যা গত বৎসর ছিল ৩,৫৪৭ মিলিয়ন টাকা। এর কারণে মোট বিক্রয় হ্রাস পেয়েছে সাথে গড়ে কেজি প্রতি উৎপাদন ব্যয় ৫৫ টাকা হারে হ্রাস পেয়েছে। চলতি বৎসর ২,৯৯৩,৯৭৯ কেজি চিংড়ি উৎপাদন হয়েছে যা গত বৎসর ছিল ৩,৭২৫,০৭০ কেজি। চলতি বৎসরে উৎপাদন ক্ষমতার ৪১.৫৮ শতাংশ ব্যবহৃত হয়েছে। গত বৎসরের তুলনায় কাঁচামাল ক্রয়ের জন্য ৮০৯.১৪ মিলিয়ন টাকা কম খরচ হয়েছে।

খ) মোট মুনাফাঃ

৩০ শে জুন ২০১৫ সমাপ্ত অর্থ বৎসরে কোম্পানী মোট বিক্রয় করেছে ২,৭৫১.৭৮ মিলিয়ন টাকা। গত বৎসর বিক্রয় ছিল ৩,৮৪৪.৬৮ মিলিয়ন টাকা। গত বৎসরের তুলনায় বিক্রয় ২৮.৪৩ শতাংশ হ্রাস পেয়েছে। এ বৎসর মোট মুনাফা অর্জিত হয়েছে ২১৯.৬৩ মিলিয়ন টাকা যা গত বৎসর ছিল ২৯৭.৮৮ মিলিয়ন টাকা।

গ) নীট মুনাফাঃ

এ বৎসর নীট মুনাফা (কর পরবর্তী) হয়েছে ৮৪.৮৪ মিলিয়ন টাকা যা গত বৎসর ছিল ১৭.০৪ মিলিয়ন টাকা। অন্যান্য আয় বৃদ্ধির ফলে এ বৎসর কর পরবর্তী নীট মুনাফা বৃদ্ধি পেয়েছে, প্রধানত স্থায়ী সম্পত্তি বিক্রির ফলে এই মুনাফা অর্জিত হয়েছে।

৫. অস্বাভাবিক লাভ বা ক্ষতিঃ

এ বৎসর বাস্তবিক প্রাপ্ত কোন অস্বাভাবিক লাভ বা ক্ষতি নেই। তবে ১৩.০০ মিলিয়ন টাকা বিনিয়োগের সৃষ্ট মূল্যায়নের ফলে ঘাটতি সমন্বিত আয় বিবরণীতে দেখানো হয়েছে যাহা এপেক্স স্পিনিং এন্ড নীটিং মিলস্ লিমিটেড এবং এপেক্স উইভিং এন্ড ফিনিশিং মিলস্ লিমিটেড এর শেয়ারে বিনিয়োগের সমাপনী মূল্য এবং গত বৎসরের আর্থিক অবস্থার বিবরণীতে দেখানো মূল্যের পার্থক্য, এটা বাংলাদেশ এ্যাকাউন্টিং স্ট্যান্ডার্স (বি.এ.এস) / বাংলাদেশ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্স (বি.এফ.আর.এস) অনুযায়ী হিসাব বিবরণীতে দেখানো হয়েছে। বার্ষিক প্রতিবেদনে ১১ নং নোটে বিস্তারিত বিবরণ দেওয়া হয়েছে।

৬. আস্তঃ সম্পর্কিত কোম্পানীর লেনদেন সমূহঃ

এ বৎসর একটি লেনদেন রয়েছে যা হল এপেক্স ফ্যাশন ওয়্যার লিমিটেড এর নিকট মে ২০১৫ ইং এ স্থায়ী সম্পত্তি (জমি), পরিমাণ ১,০২২ শতাংশ, প্রতি শতাংশ ১৫১,০০০ টাকা হারে (নীট) বিক্রয় করা হয়েছে। এপেক্স ফ্যাশন ওয়্যার লিমিটেডে ও একই পরিচালক রয়েছে।

৭. পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হইতে প্রাপ্ত তহবিলের ব্যবহারঃ

এ বৎসর কোন পাবলিক ইস্যু অথবা রাইট ইস্যু হয়নি।

৮. ইনিশিয়াল পাবলিক অফারিং (আই.পি.ও), রিপিট পাবলিক অফারিং (আর. পি. ও), রাইট অফার, ডাইরেট লিস্টিং ইত্যাদি থেকে অর্থ বা তহবিল প্রাপ্তির পর কোম্পানীর আর্থিক অবস্থা :

১৯৮১ সালের জুন মাসের ২২ তারিখে ইনিশিয়াল পাবলিক অফারিং (আই.পি.ও) এবং পরবর্তী সময়ে ১৯৯৭ সালের জানুয়ারী মাসের ১১ তারিখে রাইট অফার করা হয়, এর পর থেকে কোম্পানী ভালো করে যাচ্ছে।

৯. বার্ষিক আর্থিক বিবরণী এবং ত্রৈমাসিক আর্থিক অবস্থার বিবরণীর মধ্যে পার্থক্যঃ

ত্রৈমাসিক আর্থিক অবস্থার বিবরণী এবং বার্ষিক আর্থিক বিবরণী মধ্যে উল্লেখ যোগ্য পার্থক্য বিদ্যমান (অর্থাৎ তৃতীয় কোয়ার্টার পর্যন্ত আর্থিক প্রতিবেদনে শেয়ার প্রতি আয় ছিল ০.২৭ টাকা কিন্তু বাৎসরিক ইহা হয়েছে ১৪.৮৮ টাকা)। এর কারণ যে স্থায়ী সম্পত্তি (জমি) বিক্রির ফলে যথেষ্ট পরিমাণ মুনাফা হয়েছে।

১০. স্বতন্ত্র পরিচালক সহ পরিচালকদের পারিশ্রমিকঃ

স্বতন্ত্র পরিচালক সহ পরিচালকদের পারিশ্রমিক নিম্ন রূপঃ-

পরিচালকদের নাম	পরিচালক/স্বতন্ত্র পরিচালক	বাৎসরিক পারিশ্রমিক
জনাব জাফর আহমেদ	পরিচালক	৪৮,০০,০০০/-
জনাব অসীম কুমার বড়ুয়া	পরিচালক	৩৬,০০,০০০/-
জনাব কাজী ফারুক কাদের	স্বতন্ত্র পরিচালক	৬,০০,০০০/-

১১. কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীতে কোম্পানীর আর্থিক অবস্থা, কার্যক্রমের ফলাফল, নগদ প্রবাহ, মূলধনের পরিবর্তন সঠিক ভাবে উপস্থাপন করা হয়েছে।

১২. কোম্পানীর হিসাব বহি সমূহ যথাযথ ভাবে সংরক্ষণ করা হয়েছে।

১৩. আর্থিক বিবরণী প্রস্তুতিতে যথোপযুক্ত হিসাবনীতি সমূহ ধারাবাহিক ভাবে প্রয়োগ করা হয়েছে এবং হিসাবগত পরিমাপক সমূহ যুক্তিযুক্ত ও বিচক্ষণ সিদ্ধান্তের উপর প্রতিষ্ঠিত।

১৪. ইন্টারন্যাশনাল এ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (আই.এ.এস)/বাংলাদেশ এ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (বি.এ.এস)/ ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (আই.এফ.আর.এস)/ বাংলাদেশ ফিন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (বি.এফ.আর.এস) যাহা বাংলাদেশে প্রযোজ্য তাহা অনুসরণ করে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তাহা যথাযথ ভাবে প্রকাশ করা হয়েছে।

১৫. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুসংহত ও কার্যকর ভাবে বাস্তবায়ন ও পর্যবেক্ষণ করা হয়েছে।

১৬. কোম্পানীর চলমান অস্তিত্বের সামর্থ্যের ক্ষেত্রে কোনরূপ তাৎপর্যপূর্ণ সন্দেহের অবকাশ নাই।

১৭. গত বৎসরের পরিচালনগত ফলাফলের সহিত চলতি বৎসরের ব্যবধানঃ

গত বৎসরের তুলনায় চলতি বৎসরে বিক্রয় হ্রাস পেয়েছে ২৮.৪৩ শতাংশ কিন্তু দক্ষতার সহিত পরিচালনার মোট লাভের অনুপাত ধরে রাখতে সক্ষম হয়েছে। যদিও মোট লাভের অনুপাতিক হার একই রয়েছে তথাপি বিক্রয় হ্রাসের ফলে কোম্পানী ব্যাপক ভাবে পরিচালনগত লোকসানে পড়েছে।

১৮. পূর্ববর্তী পাঁচ বছরের মুখ্য পরিচালন এবং অর্থনৈতিক উপাত্তঃ

	২০১৪-১৫	২০১৩-১৪	২০১২-১৩	২০১১-১২	২০১০-১১	২০০৯-১০
পরিচালন তথ্যঃ						
বিক্রয়	২,৭৫১,৭৮০	৩,৮৪৪,৬৮১	৩,৩০৫,৭১৭	৩,৯৩৩,৩৪৬	৩,২০৭,৩১৫	২,২০৫,৫৫০
মোট মুনাফা	২১৯,৬২৭	২৯৭,৮৭৮	৩৫৭,৩৭৫	৩০৩,৫১৭	২৬৪,৯৩৬	২১৭,৫৭৩
পরিচালন মুনাফা/লোকসান	(৫৩,৫২৫)	৩১,৩১৯	২০,৬৬৪	১৮,৭৩৫	৯,০৬০	১,১৬৩
করপূর্ব মুনাফা	১২৩,৮১৪	৬৬,৮৫৮	৬২,৩৬৭	৪৬,৭০৪	৩৪,১৮৮	১৯,২৫৭
করপূর্ববর্তী মুনাফা/লোকসান	৮৪,৮৪৩	১৭,০৪১	১৪,৪৯৪	১৫,৪৩৪	১০,৭৯৫	৮,৫৫৯
বিনিয়োগের সৃষ্ট মূল্যায়ন সহ শেয়ার প্রতি আয়	১২.৬০	৯.৫৫	(৪.১১)	২৭.৯৫	-	-
বিনিয়োগের সৃষ্ট মূল্যায়ন ব্যতীত শেয়ার প্রতি আয়	১৪.৮৮	২.৯৯	২.৫৪	২.৭১	১৮.৯৩	১৫.০১
প্রতি শেয়ারের জন্য লাভাংশ	২.০০	২.০০	১.৮০	১.৮০	১৪.০০	১২.০০
আর্থিক তথ্যঃ						
মোট সম্পদ	১,৭৭৯,৯৪৭	১,৬৯৩,০২৯	১,৭৫৮,৬৫৩	১,৫৭১,৪১৫	১,৪৮৫,১৫৫	১,১৩৬,২৮১
সম্পত্তি, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ-মোট	৬৭৮,৩০৬	৬৫৯,৯৬৭	৬০৩,৪৬৫	৫৫৯,৩৮৪	৫৩৩,০০১	৪৫৮,৬৫৯
সম্পত্তি, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ-নীট	১৫৫,০১৭	১৭১,৯৬৩	১৫৪,৪২১	১৪৭,৪০৯	১৫৬,৩২৪	১১৯,৫৭৯
মোট চলতি মূলধন	১,৪৪৯,২৪০	১,৩২০,৩৩০	১,৪০৮,৫৫৩	১,২২২,৩৬৯	১,২৬৮,১৭৭	৯৫৯,৩৩২
নীট চলতি মূলধন	৩৪৪,৪৭৬	২৭৯,৩৬৮	২৮০,২৬০	৩৪৪,৮৯৫	৩৩৭,৯৭৫	৩৯০,০৩৭
চলতি মূলধন ঋণ	৭৯৪,২৭০	৭৩৩,৮৮৪	৭৭৮,৩২৮	৭৬৬,০২৪	৭৭২,৭২৭	৫০৯,৭১৪
শেয়ার মূলধন	৫৭,০২৪	৫৭,০২৪	৫৭,০২৪	৫৭,০২৪	৫৭,০২৪	৫৭,০২৪
শেয়ার প্রিমিয়াম	২০৯,০৮৮	২০৯,০৮৮	২০৯,০৮৮	২০৯,০৮৮	২০৯,০৮৮	২০৯,০৮৮
সংরক্ষণ এবং উন্নয়ন	২২৫,৯৩১	১৫২,৪৯৪	১৪৫,৭১৭	১৪১,৩৯২	১৩৯,০৭৯	১৩৫,১২৭
শেয়ার মালিকদের ইকুইটি	৬২২,৪৮৩	৬৬২,০৫২	৫১৭,৮৫৯	৫৫১,৪৪১	৪০৫,১৯১	৪০১,২৩৯
দীর্ঘ মেয়াদী ঋণ	৮২,৫০০	১২০,০০০	১৭৮,৩১৭	১৫৬,৬৮৭	১৬৪,৮৮৬	১৯১,২১১

১৯. লভ্যাংশ:

কোম্পানীর পরিচালকমন্ডলী ২০১৪-১৫ হিসাব বৎসরে প্রতি ১০/- (দশ) টাকার শেয়ারের জন্য ২.০০ টাকা হারে নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছেন। এই বার্ষিক সাধারণ সভায় আপনাদের অনুমোদন সাপেক্ষে সেই সমস্ত শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রদান করা হবে যাদের নাম কোম্পানীর সদস্য বহিতে অথবা ডিপোজিটরিতে সেপ্টেম্বর ১৩, ২০১৫ ইং তারিখে কার্য সমাপ্ত সময়ে অন্তর্ভুক্ত থাকবে।

২০. বোর্ডের সভা

এ বৎসর বোর্ডের ৭ (সাত) টি সভা অনুষ্ঠিত হয়েছে। পরিচালকগণের উপস্থিতির তালিকা নিম্নে প্রদত্ত হল:

পরিচালকবৃন্দের নাম	সভায় উপস্থিতি
জনাব জাফর আহমেদ	০৭
জনাব জহুর আহমেদ পিএইচডি	০৭
জনাবা শওকত আরা আহমেদ	০১
জনাব শাহরিয়ার আহমেদ	০৬
জনাব অসীম কুমার বড়ুয়া	০৭
জনাব কাজী ফারুক কাদের	০৭

- জনাবা শওকত আরা আহমেদ পরিচালনা পরিষদ থেকে ২২ সেপ্টেম্বর ২০১৪ ইং তারিখে পদত্যাগ করেছেন।

২১. শেয়ারহোল্ডিংস সংক্রান্ত বিবরণ:

নাম অনুসারে বিবরণ	শেয়ার সংখ্যা	
ক) প্যারেন্ট/ সাবসিডিয়ারী/ এসোসিয়েটেড কোম্পানী এবং অন্যান্য সম্পর্কিত পার্টিসমূহ:		
এপেক্স স্পিনিং এন্ড নীটিং মিলস্ লিমিটেড	১৬৯,২৫০	
এপেক্স ল্যানজারী লিমিটেড	১০,৮০০	
খ) পরিচালকবৃন্দ, প্রধান নির্বাহী কর্মকর্তা, কোম্পানী সচিব, প্রধান অর্থ কর্মকর্তা, অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান:		
জনাব জাফর আহমেদ	পরিচালক	১,৩২০,৫৩০
জনাব জহুর আহমেদ পিএইচডি	পরিচালক	১৬০,৭৪০
জনাব শাহরিয়ার আহমেদ	পরিচালক	৫৬৩,৪৩০
জনাব অসীম কুমার বড়ুয়া	পরিচালক	৭,৫০০
জনাব কাজী ফারুক কাদের	স্বতন্ত্র পরিচালক	-
জনাব এস. কে. হালদার	প্রধান অর্থ কর্মকর্তা	-
জনাব আশীষ কুমার পাল এফসিএ	অভ্যন্তরীণ নিরীক্ষা প্রধান	-
জনাবা জেসমিন সুলতানা	সহকারী কোম্পানী সচিব	-
গ) উর্দ্ধতন করপোরেট নির্বাহীগণ		-
জনাব মমিন উদ্দিন আহমেদ খান		২,৪৫০
ঘ) কোম্পানীতে ১০ শতাংশ অথবা তার চেয়ে বেশী ভোটের অধিকারী শেয়ারহোল্ডার:		
জনাব জাফর আহমেদ		১,৩২০,৫৩০
জনাবা শওকত আরা আহমেদ		৮২৩,০০০

২২. কোম্পানীর পরিচালকবৃন্দের নিয়োগ/পুনঃ নিয়োগ:

আমি জাফর আহমেদ এবং জনাব কাজী ফারুক কাদের কোম্পানীর সংঘবিধি মোতাবেক বোর্ড থেকে পদত্যাগ করছি এবং যোগ্য বিধায় পুনর্নির্বাচনের জন্য ইচ্ছা প্রকাশ করছি। আমার এবং জনাব কাজী ফারুক কাদের এর বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

জনাব জাফর আহমেদ :

- ক) আমি জাফর আহমেদ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রী নিয়েছি। আমি যুক্তরাষ্ট্রের ফুড এন্ড ড্রাগ এডমিনিস্ট্রেশন থেকে ট্রেনিং নিয়েছি। আমি এই কোম্পানীর একজন উদ্যোক্তা পরিচালক এবং আমি এই শিল্প খাতে ১৯৭৯ সন থেকে কাজ করে আসিতেছি। আমি বর্তমানে এই কোম্পানীর চেয়ারম্যান।
- খ) আমি এই শিল্পে যোগদান করা থেকে এ পর্যন্ত এ শিল্প সম্পর্কে গভীর জ্ঞান অর্জন করেছি এবং আমি বাংলাদেশের একজন হিমায়িত খাদ্য বিশেষজ্ঞ।
- গ) আমি এই কোম্পানী ছাড়াও (১) এপেক্স স্পিনিং এন্ড নীটিং মিলস লিমিটেড, (২) এপেক্স ল্যানজারি লিমিটেড, (৩) এপেক্স ইয়ার্ন ডাইং লিমিটেড, (৪) এপেক্স টেক্সটাইল প্রিন্টিং মিলস্ লিমিটেড (৫) এপেক্স ফ্যাশন ওয়্যার লিমিটেড ও (৬) ম্যাটেক্স বাংলাদেশ লিমিটেড-এর পরিচালক পদে নিযুক্ত আছি।
- ঘ) বর্তমানে আমি বোর্ডের কোন কমিটির সদস্য নই।

জনাব কাজী ফারুক কাদেরঃ

- ক) জনাব কাদের, ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৮৮ থেকে ১৯৮৯ সন পর্যন্ত সংসদ সদস্য ছিলেন এবং এই সময়ে তিনি বানিজ্য মন্ত্রণালয়ের স্ট্যান্ডিং কমিটির সদস্য ছিলেন। তিনি ২০০৯ থেকে ২০১৩ সনের ও সংসদ সদস্য ছিলেন। তিনি সোনালী ব্যাংক ও সাধারণ বীমা কর্পোরেশনের পরিচালক ও চেয়ারম্যান হিসাবে ও নিয়োগ প্রাপ্ত হয়েছিলেন।
- খ) জনাব কাদের এই কোম্পানীর একজন স্বতন্ত্র পরিচালক এবং এই শিল্প খাত সম্পর্কে গভীর জ্ঞানের অধিকারী।
- গ) জনাব কাদের এপেক্স স্পিনিং এন্ড নীটিং মিলস্ লিমিটেডের ও স্বতন্ত্র পরিচালক পদে নিযুক্ত আছেন।
- ঘ) বর্তমানে জনাব কাদের অডিট কমিটির চেয়ারম্যান।

২৩. নিরীক্ষকঃ

অবসর গ্রহনকারী নিরীক্ষক মেসার্স হুসাইন ফরহাদ এন্ড কোম্পানী, চার্টার্ড একাউন্ট্যান্টস যোগ্য বিধায় ২০১৫-২০১৬ হিসাব বৎসরের জন্য পুনঃ নিরীক্ষক নিয়োগের জন্য প্রস্তাব ও আবেদন করেছেন।

২৪. কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স প্রতিবেদনঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের চাহিদা অনুযায়ী কর্পোরেট গভর্নেন্স প্রতিবেদন সংযুক্ত করা হলো।

ঢাকা
২৩ আগস্ট, ২০১৫

বোর্ডের পক্ষে
স্বা/-
জাফর আহমেদ
সভাপতি